

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৪৪৭

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৩৯. নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের হাদীসের ব্যাখ্যা করা এবং তাঁর হাদীসের নিকট অন্য কোনো ব্যক্তির কথা বলা থেকে বিরত থাকা প্রসঙ্গে

بَابُ مَا يُتَّقَى مِنْ تَفْسِيرِ حَدِيثِ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ، وَقَوْلِ غَيْرِهِ عِنْدَ قَوْلِهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ، وَقَوْلِ غَيْرِهِ عِنْدَ قَوْلِهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ

আরবী

حَدَّقَنَا مُوسَى بْنُ خَالِد، حَدَّقَنَا مُعْتَمِرُ بْنُ سُلَيْمَانَ، عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عُمَرَ، أَنَّ عُمَرَ بْنَ عَبْدِ الْعَزِيزِ رَحِمَهُ اللَّهُ، خَطَبَ فَقَالَ: «يَا أَيُّهَا النَّاسُ إِنَّ اللَّهَ لَمْ يَبْعَثْ بَعْدَ نَبِيِّكُمْ نَبِيًّا، عَبْدِ الْعَزِيزِ رَحِمَهُ اللَّهُ بَعْدَ هَذَا الْكِتَابِ الَّذِي أَنْزَلَ عَلَيْهِ كِتَابًا، فَمَا أَحَلَّ اللَّهُ عَلَى لِسَانِ نَبِيّهِ فَهُو وَلَمْ يُنْزِلْ بَعْدَ هَذَا الْكِتَابِ الَّذِي أَنْزَلَ عَلَيْهِ كِتَابًا، فَمَا أَحَلَّ اللَّهُ عَلَى لِسَانِ نَبِيّهِ فَهُو حَرَامٌ إِلَى يَوْمِ الْقِيَامَةِ، وَمَا حَرَّمَ عَلَى لِسَانِ نَبِيّهِ فَهُو حَرَامٌ إِلَى يَوْمِ الْقِيَامَةِ، أَلَا وَإِنِّي حَلَالٌ إِلَى يَوْمِ الْقِيَامَةِ، وَلَسْتُ بِمُبْتَدِعٍ، وَلَكِنِي مُتَقِي مُتَوْدً، وَلَسْتُ بِمُبْتَدِعٍ، وَلَكِنِي مُتَبِعٌ، وَلَسْتُ بِخَيْرٍ مِنْكُمْ، غَيْرَ أَنِي لَسْتُ بِقاضٍ، وَلَكِنِي مُنَوِّذُ، وَلَسْتُ بِمُبْتَدِعٍ، وَلَكِنِي مُتَبِعٌ، وَلَسْتُ بِخَيْرٍ مِنْكُمْ، غَيْرَ أَنِي لَسُتُ بِقاضٍ، وَلَكِنِي مُنَكُمْ، غَيْرَ أَنِي اللَّهِ أَنْ يُطَاعَ فِي مَعْصِيلَةِ اللَّهِ، أَلَا هَلْ هَلْ أَشْمَعْتُ فِي مَعْصِيلَةِ اللَّهِ، أَلَا هَلْ هَلْ أَسْمَعْتُ وَيَا لَكُهُ لَيْسَ لِأَحَدٍ مِنْ خَلْقِ اللَّهِ أَنْ يُطَاعَ فِي مَعْصِيلَةِ اللَّهِ، أَلَا هَلْ اللَّهُ أَسْمَعْتُ وَي

إسناده جيد

বাংলা

88৭. উবাইদুল্লাহ ইবনু উমার বর্ণনা করেন: উমার ইবনু আব্দুল আযীয রাহিমাহুল্লাহ খুতবা দিলেন এবং এতে বললেন: "হে মানবমণ্ডলী! আল্লাহ তা'আলা তোমাদের নবীর পরে আর কোনো নবী পাঠাবেন না। আর তাঁর উপর যে কিতাব তিনি নাযিল করেছেন, এর পর আর কোনো কিতাবও তিনি নাযিল করবেন না। ফলে আল্লাহ তাঁর নবীর মুখ দিয়ে যা হালাল করেছেন, তা কিয়ামত পর্যন্ত হালাল থাকবে। আর তিনি তাঁর নবীর মুখ দিয়ে যা হারাম করেছেন, তা কিয়ামত পর্যন্ত হারাম থাকবে। তোমরা জেনে রাখো! আমি হুকুমদাতা নই, আমি হলাম (আল্লাহর হুকুম) বাস্তবায়নকারী। আমি বিদ'আত রচনাকারী নই, আমি (কুরআন-সুন্নাহ'র) অনুসরণকারী। আর আমি তোমাদের মধ্যকার সর্বোত্তম ব্যক্তিও নই, তবে তোমাদের মধ্যে আমার দায়িত্ব সবচেয়ে ভারী। আর জেনে রাখো!



আল্লাহর অবাধ্যতামুলক বিষয়ে আল্লাহর কোনো সৃষ্টির আনুগত্য করা কারো জন্য বিধেয় নয়। আমি কি তোমাদেরকে শোনাতে সক্ষম হয়েছি?[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ জায়্যেদ।

তাখরীজ: ইবনু সা'দ, তাবাকাত ৫/২৫০-২৫১; ফাসাওয়ী, আল মা'রিফাহ ১/৫৭৪-৫৭৫।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন